সংবাদ

তারিখ ... ২৫.১১.৮৫ ...
পৃষ্ঠা ... ১ কলাম ৪ ...

002

# প্রাথমিক বিদ্যালয়ের জন্য পাকা ইমারত নির্মাণ ব্যবস্থা বাতিল

(বিশেষ প্রতিনিধি)

শিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক বিদ্যালয়ের জন্য পাকা ইমারত নির্মাণের প্রচলিত ব্যবস্থা বাতিল করেছে। এখন থেকে সকল প্রাথমিক বিদ্যালয় টিনের ছাদ-যুক্ত হবে এবং চারদিকে পাকা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক বিদ্যালয়ের জন্য

(১ম পাতার পর)

দেয়াল হবে। চার কক্ষবিশিষ্ট একটি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২ লাখ ১৯ হাজার টাকা ব্যয় হবে। এতে ২শ' ছাত্রের স্থান সংকুলান হবে। বিদ্যালয়ে স্যানিটারী পায়খানা ও নলকূপ বসানোর জন্য অতিরিক্ত আরো ১৮ হাজার টাকা ব্যয় হবে।

দেশের সর্বত্র এ ধরনের প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হলেও ঢাকা শহরে জায়গার অভাবে প্রাথমিক বিদ্যালয়ের জন্য তেতলা দালান করা হবে। এতে প্রতিটি বিদ্যালয়ের জন্য ২২ লাখ টাকা ব্যয় হবে। চলতি সনে ঢাকা শহরে ১২টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করার জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে ৫শ' ছাত্রের স্থান সংকুলান হবে। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে দু'-শিফটে লেখাপড়া হবে।

আগামী পাঁচসালা পরিকল্পনায় সারাদেশে ৪হাজার ৯৪৩টি নয়া প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এতে মোট ৩২৩ কোটি ৪৪ লাখ ৯৭ হাজার টাকা ব্যয় হবে বলে ধরা হয়েছে। কংক্রিটের ছাদ-যুক্ত ভারী পাকা দালান করার জন্য এরচেয়ে কয়েক গুণ বেশী খরচ পড়বে। তাই শিক্ষা মন্ত্রণালয় বিদ্যালয়ের নির্মাণ খাতে ব্যয় সীমিত রাখার জন্য বিদ্যালয়গুলো টিনের ছাদযুক্ত ও পাকা দেয়ালবিশিষ্ট করে নির্মাণ করার সিদ্ধান্ত নিয়েছে। এ খাতে যে খরচ বাঁচবে, তা দিয়ে প্রাথমিক বিদ্যালয়সমূহে হাতে-কলমে কারিগরি বিদ্যা শিক্ষার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করা হবে।

তৃতীয় পাঁচসালা পরিকল্পনাকালে ১০ হাজার ৪৭০টি প্রাথমিক বিদ্যালয় মেরামত করা হবে। এ খাতে প্রতিটি বিদ্যালয়ের জন্য ২০ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।